# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
**BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD**

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

সিষ্টেম অপারেশন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা
ফোন-০২-৮৯০০১২৯
ই-মেইল: reb_soc1@yahoo.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০২৭.৬৩.০৫৮.২০. ২৫৫

তারিখঃ ০৩/০৫/২০২০ খ্রি.।

১। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ---------- জোন, বাপবিবো।

২। সি: জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সকল পবিস।

৩। সকল নির্বাহী প্রকৌশলী, বাপবিবো।

**বিষয়ঃ <u>আসন্ন সম্ভাব্য ঘূর্ণিঝড় মোকাবেলায় প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।</u>**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অতিশীঘ্রই বাংলাদেশের উপকূলবর্তী জেলাসমূহে ঘূর্ণিঝড় আঘাত হানতে পারে। প্রলংকারী ঝড়ের সাথে ব্যাপক জলোচ্ছ্বাসের আশংকাও রয়েছে। সেক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যমান অবকাঠামোসমূহ ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভবনা রয়েছে। এ প্রেক্ষাপটে জানমালের নিরাপত্তা বিধান ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১। **দুর্যোগ পূর্ববর্তী সময়ে করণীয়ঃ**

(ক) এ বিষয়ে রেডিও/টেলিভিশনে প্রকাশিত সংবাদ সার্বক্ষণিক পর্যবেক্ষণ করতে হবে।

(খ) জনগণকে সতর্ক থাকার লক্ষ্যে মাইকিং, মোবাইল এসএমএস, স্থানীয় ডিস চ্যানেলের মাধ্যমে প্রচার প্রচারণা চালাতে হবে।

(গ) ছেঁড়া তার কিংবা ক্ষতিগ্রস্থ বৈদ্যুতিক সরঞ্জামাদি থেকে দূরে থাকার জন্য জনসাধারণকে মোবাইল এসএমএস, স্থানীয় ডিস চ্যানেলের মাধ্যমে সতর্ক করতে হবে। দুর্যোগ চলাকালীন সময়ে আতংকগ্রস্থ না হয়ে ধৈর্য ও সাহসিকতার সাথে দুর্যোগ মোকাবেলার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) জানমালের নিরাপত্তা রক্ষার্থে সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করতে হবে।

(ঙ) ২৪ ঘণ্টা ঝড়ের গতিবিধি পর্যবেক্ষণের লক্ষ্যে চলমান করোনা দুর্যোগ সম্পর্কিত কন্ট্রোল রুম সচল রাখতে হবে। সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য সদর দপ্তর, জোনাল অফিস ও সাব-জোনাল অফিসভিত্তিক ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট নির্ধারণ করে রাখতে হবে।

(চ) উপকূলবর্তী এলাকায় অবস্থিত সমিতিসমূহ অতীতের সংঘটিত এ ধরনের দুর্যোগের ক্ষেত্রে যে সকল ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল তা বিচার বিশ্লেষণ পূর্বক এখনি কর্মপ্রস্তুতি গ্রহণ করতে হবে।

(ছ) সকল প্রকার যানবাহন সচল রাখতে হবে এবং প্রয়োজনীয় পরিমাণ জ্বালানী তেল সংগ্রহ করে রাখতে হবে।

(জ) জনগণকে আপদকালীন সময়ে নিরাপদে অবস্থানের নির্দেশনা দিতে হবে।

(ঝ) সমিতির জেনারেটরে প্রয়োজনীয় জ্বালানী মজুত করে রাখতে হবে।

(ঞ) মোবাইল ফোনের ব্যাটারী চার্জ করে রাখতে হবে- যাতে যোগাযোগে বিঘ্ন সৃষ্টি না হয়। মোবাইল অপারেটর টাওয়ার এবং অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনায় অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত রাখতে হবে- যাতে বাপবিবো'র সদর দপ্তর, স্থানীয় প্রশাসন এবং সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগের মাধ্যমে সামগ্রিক কাজের সমন্বয় সাধন করা সহজ হয়।

(ট) হারিকেন, কুপি, হ্যাজাক বাতি, চার্জার লাইট, দিয়াশলাই ইত্যাদি মজুত রাখতে হবে।

(ঠ) **এ মুহূর্ত হতে পূর্ববর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত জরুরী সতর্ক বার্তা জারী করা হলো এবং জরুরী ও অত্যাবশ্যকীয় সার্ভিস বিবেচনায় সমিতির সকল কর্মকর্তা/কর্মচারীর ছুটি বাতিল করা হলো।**

(ড) **সমিতির সকল কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে ফিডারভিত্তিক মনিটরিং টিম গঠন করে পরিস্থিতি পর্যবেক্ষণ করতে হবে।** ইলেক্ট্রিশিয়ান, স্থানীয় জনপ্রতিনিধি/শুভাকাঙ্খীদের সাথে আগেই বৈঠক/টেলিফোনিক যোগাযোগ করে ফিডারভিত্তিক দায়িত্ব দিয়ে ঘূর্ণিঝড়ের পরপরই ঐ ফিডারের ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করার জন্য প্রস্তুত করে রাখতে হবে।

(ঢ) উপকূলবর্তী এলাকায় অবস্থিত সমিতিসমূহের ভৌগলিক এলাকায় অবস্থিত ঠিকাদারের ক্যাম্পে যে সকল মালামাল মজুত রয়েছে- তা অতিসত্তর নিরাপদ স্থানে স্থানান্তর পূর্বক সংরক্ষণ করতে হবে।

(ণ) কেন্দ্রীয় পণ্যাগারসমূহ এবং সকল পবিস স্টোর প্রয়োজনীয় জনবলসহ সার্বক্ষণিকভাবে খোলা রাখতে হবে- যাতে প্রয়োজন অনুযায়ী দ্রুত মালামাল সরবরাহ নিশ্চিত করা সম্ভব হয়।

(ত) প্রতিটি সমিতি কর্তৃক ২০ জন করে দক্ষ লাইনক্রু (প্রয়োজনীয় লাইনম্যান টুলসসহ) এমনভাবে প্রস্তুত রাখতে হবে- যাতে ৩০ মিনিটের নোটিশে তারা দুর্যোগ আক্রান্ত সমিতিতে যাত্রা শুরু (NTM- Notice to Move) করতে পারেন। তাদের জন্য শুকনো খাবার, পানি ও নগদ অর্থ মজুত রাখতে হবে।

(থ) সমিতির কর্মকর্তাগণ স্থানীয় প্রশাসনের সাথে সার্বিক বিষয়ে নিবিড় যোগাযোগ রক্ষা করবেন এবং সাইক্লোন সেন্টারসমূহ পরিদর্শন করে অতীত অভিজ্ঞতার আলোকে করণীয় নির্ধারণ করবেন।

(দ) ঘূর্ণিঝড়ের পূর্বাভাষ পাওয়ার সাথে সাথে সদর দপ্তরসহ সকল অফিসে অগ্রিম প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ মালামাল (বিভিন্ন সাইজের পোল ও ট্রান্সফরমার, মিটার, তার, ক্রসআর্ম, ফিউজ লিংক, ফিউজ কাটআউট, হার্ডওয়্যার ইত্যাদি) অগ্রিম মজুত করে রাখতে হবে।

(ধ) শুকনো খাবার (চিড়া, মুড়ি, গুড়, বিস্কুট) ক্রয় করে রাখা এবং চাল, ডালসহ রান্না করার আনুষাঙ্গিক সামগ্রী ক্রয় করে রাখতে হবে।

(ন) সকল অফিসে ফাস্ট এইড বক্স প্রস্তুত রাখা এবং যে সকল অফিসে ফাস্ট এইড বক্স নেই, যে সকল অফিসের জন্য দ্রুত সংগ্রহ করে রাখতে হবে।

(প) সকল অফিসভিত্তিক ঘূর্ণিঝড়ে ভেঙ্গে পড়া গাছপালা অপসারণের জন্য প্রয়োজনীয় দা, কুড়াল, ইলেকট্রিক অটো করাত, হ্যান্ড লাইন ও রশি সংগ্রহ করে রাখতে হবে।

(ফ) কারিগরী লোকের পাশাপাশি মিটার রিডার/পিসিএম/ম্যাসেঞ্জারসহ কারিগরী/অকারিগরী বিভাগে সকল লোকবলকে দুর্যোগ পরবর্তী কাজের জন্য প্রস্তুত করে রাখতে হবে- যাতে নির্দেশনা পাওয়া মাত্র ৩০ মিনিটের মধ্যে (NTM- Notice to Move) দুর্যোগপ্রবণ এলাকায় গমন করতে পারে।

(ব) সর্বোচ্চ ক্ষয়ক্ষতি বিবেচনায় রেখে প্রয়োজনীয় যানবাহন (ট্রাক, মিনি ট্রাক, ক্রেন, নসিমন, ভ্যান, মোটরসাইকেল, পিকআপ ইত্যাদি) বুকিং দিয়ে রাখতে হবে- যাতে ঘূর্ণিঝড়ের পরপরই বিদ্যুৎ পুনর্বাসন কাজে নিয়োজিত করা সম্ভব হয়।

২। **<u>দুর্যোগকালীন সময়ে করণীয়ঃ</u>**

(ক) বাপবিবোর্ডের করোনা দুর্যোগ মোকাবেলা সংক্রান্ত চলমান কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে পবিসের বিদ্যুৎ সরবরাহসহ সামগ্রিক বিষয়ে সার্বক্ষণিকভাবে পরিস্থিতি মনিটর করা হবে এবং সমিতিসমূহ নিয়ন্ত্রণ কক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করতঃ তথ্যাদি প্রেরণ করতে হবে।

(খ) সমিতির সমস্ত জনবলকে সার্বক্ষণিকভাবে সর্তক রাখতে হবে। তাদের করণীয় সম্পর্কে সময়ে সময়ে ব্রিফিং প্রদান করতে হবে।

**(গ) দুর্যোগকালীন সময়ে বিভ্রান্ত হয়ে তাৎক্ষণিক সিদ্ধান্তের মাধ্যমে স্ব-উদ্যোগে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করা যাবে না। তাৎক্ষণিকভাবে বিদ্যুৎ সরবরাহ বন্ধ করা হলে সমগ্র দেশ ব্ল্যাকআউটের কবলে পড়ার আশংকা দেখা দিবে। এ ব্যাপারে এনএলডিসির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।**

(ঘ) সমিতির সকল পর্যায়ের কর্মকর্তাগণকে সার্বক্ষণিকভাবে অফিসে কিংবা নিরাপদ স্থানে অবস্থান করে সকল জনবলকে সাহসিকতার সাথে পরিস্থিতি মোকাবেলাসহ দ্রুত বৈদ্যুতিক ব্যবস্থা সচল রাখার যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(ঙ) দুর্যোগকালীন সময়ে কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী এবং অন্যান্য লোকবলের জন্য প্রয়োজনীয় শুকনো খাবার, পানি ও নগদ অর্থ প্রস্তুত রাখতে হবে।

৩। **দুর্যোগ পরবর্তী সময়ে করণীয়ঃ**

(ক) দুর্যোগ পরবর্তী সময়ে বিতরণ ব্যবস্থার দ্রুত ক্ষয়ক্ষতি নিরুপন করার জন্য ফিডারভিত্তিক গঠিত মনিটরিং কমিটি, ইলেকট্রিশিয়ান, পূর্বনির্ধারিত স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের মাধ্যমে ক্ষয়ক্ষতির প্রকৃত পরিমাণ নিরুপন করতে হবে এবং বাপবিবোর্ডে ক্ষয়ক্ষতির প্রতিবেদন প্রেরণ করতে হবে। বিদ্যুৎ ব্যবস্থা পুনর্বহালের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল সমিতির স্টোর এবং কেন্দ্রীয় পণ্যাগার হতে সংগ্রহ করতে হবে।

(খ) বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা পুনর্বহালের জন্য ফিডারভিত্তিক নির্ণিত ক্ষয়ক্ষতির ধরণ, ক্ষয়ক্ষতির পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় লাইনক্রু, ঠিকাদারের লোকবল নিয়োজিতকরণ, মালামাল পরিবহন করার জন্য দ্রুত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।

(গ) প্রতিটি সমিতিতে প্রস্তুতকৃত ২০ জন দক্ষ লাইনক্রুকে (প্রয়োজনীয় লাইনম্যান টুলসসহ) বাপবিবো'র নির্দেশনা পাওয়া মাত্র ৩০ মিনিটের মধ্যে (NTM- Notice to Move) দুর্যোগপ্রবণ সমিতে প্রেরণ করতে হবে।

(ঘ) ঘুর্ণিঝড় পরবর্তী সময়ে যতদ্রুত সম্ভব বিটিএস, হাসপাতাল, উপজেলা সদর ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনায় অগ্রাধিকার ভিত্তিক বিদ্যুৎ ব্যবস্থা পুনর্বহাল করতে হবে।

(ঙ) সমিতির কর্মকর্তাগণ দুর্যোগ পরবর্তীকালে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ এবং সাইক্লোন স্টোরসমূহ পরিদর্শন করে করণীয় নির্ধারণ করবেন।

(চ) করোনাভাইরাসের সংক্রমনের প্রেক্ষাপটে বিদ্যুৎ ব্যবস্থা পুনর্বহাল কাজে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারী, ইলেকট্রিশিয়ান, ঠিকাদারের লোকবলসহ সমিতির সকল কারিগরী/অকারিগরী জনবলের স্বাস্থ্য সুরস্থা নিশ্চিত করতে হবে। করোনাভাইরাস সংক্রমন হতে স্বাস্থ্য সুরস্থা সম্পর্কিত ইতোপূর্বে জারীকৃত পত্রের স্মারক নং-৫৬৯, তারিখঃ ২৪-০৩-২০২০ খ্রি. অনুযায়ী সকল নিয়মাবলী অনুসরণ করতে হবে।

৪। **দুর্যোগ পূর্ববর্তী, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীগণের করণীয়ঃ**

(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীগণ তাদের অধিঃনস্থ সকল কর্মকর্তা/কর্মচারী ও ঠিকাদারের সকল লোকবলকে পবিসভিত্তিক সার্বক্ষণিক প্রস্তুত রাখতে হবে।

(খ) পবিসের জেনারেল ম্যানেজারের সাথে আলাপ করতঃ অতিদ্রুত ক্ষতিগ্রস্থ এলাকায় প্রয়োজনীয় সকল মালামাল ও এলাকা/অফিস ভিত্তিক ঠিকাদারের জনবল বিদ্যুৎ সরবরাহ পুনর্বহাল কাজে নিয়োজিত করতে হবে। মনিটরিং করতঃ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(গ) দুর্যোগ পরবর্তী সময়ে বিদ্যুৎ সরবরাহ পুনর্বহাল কাজ/লাইন মেরামত করে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার বিষয়টি তদারকি করতে হবে।

(ঘ) বিদ্যুৎ সরবরাহ পুনর্বহাল কাজের প্রয়োজনীয় মালামাল পবিস এর যে কোন স্টোর হতে ইস্যু করতে হবে এবং ভবিষ্যতে তা সমন্বয় করতে হবে।

(ঙ) প্রতিটি পবিসের বিদ্যুৎ সরবরাহ পুনর্বহাল কাজের অগ্রগতি উর্দ্ধতন কর্তৃপক্ষসহ কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে মোবাইল এসএমএস দ্বারা অবহিত করতে হবে।

৫। **দুর্যোগ পূর্ববর্তী, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময়ে সদস্য (ডিএন্ডও), সদস্য (পিএন্ডডি) এর করণীয়ঃ**

(ক) তাদের অধিঃনস্থ মাঠ পর্যায়ের কর্মরত সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীসহ পবিসভিত্তিক ঠিকাদারের লোকবল প্রস্তুত রয়েছে কি না- তা তদারকি করতে হবে।

(খ) বৈদ্যুতিক ব্যবস্থা স্বাভাবিক রাখার জন্য সংশ্লিষ্ট জেনারেল ম্যানেজার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীর সাথে সার্বিক বিষয় সার্বক্ষণিক মনিটরিং করতে হবে।

(গ) জরুরী প্রয়োজনে বিদ্যুৎ সরবরাহের বিষয়ে তাৎক্ষণিক সিদ্ধান্ত প্রদানের ব্যবস্থা নিতে হবে।

(ঘ) বৈদ্যুতিক ব্যবস্থা সচল করার কাজে কোন অতিরিক্ত লজিষ্টিক সাপোর্ট প্রদানের প্রয়োজন হলে তা উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলাপ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। **দুর্যোগের সময় সাহসিকতাপূর্ণ অবিচল নেতৃত্বঃ**

(ক) সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অবস্থান থেকে স্থিরচিত্তে ধৈর্য্য, সাহসিকতা ও বুদ্ধিমত্তার সাথে উত্তম নেতৃত্ব প্রদান করা।

(খ) আলোচনার মাধ্যমে অধঃনস্থদের মনোবল সমুন্নত রাখা।

(গ) ঐক্যবদ্ধভাবে বিদ্যুৎ সরবরাহ পুনর্বহাল কাজের সার্বিক পরিস্থিতি মোকাবেলা করা।

(ঘ) সর্ব অবস্থায় মহান সৃষ্টিকর্তার সাহায্য কামনা করা।

৭। **যোগাযোগ এবং নিয়ন্ত্রণঃ**

(ক) বাপবিবো'র সদরদপ্তরে স্থাপিত 'কেন্দ্রীয় নিয়ন্ত্রণ সেল' সার্বক্ষণিক চালু থাকবে এবং একইভাবে প্রতিটি পবিসের সদরদপ্তরে 'কেন্দ্রীয় নিয়ন্ত্রণ সেল' সার্বক্ষণিক চালু থাকবে।

(খ) প্রতিটি পবিস এসএমএস, স্থানীয় ডিস চ্যানেলের মাধ্যমে পবিসের হট নাম্বার, অভিযোগ কেন্দ্রের মোবাইল নাম্বার গ্রাহকদের জানাবে।

(গ) প্রতিটি পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারগণ তাদের আওতাভুক্ত অফিস প্রধানদের সাথে মোবাইল/টেলিফোনে নিবিড় যোগাযোগ রাখবেন এবং সার্বিক বিষয়াদি নিম্নস্বাক্ষরকারীসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করবেন।

আসন্ন দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে পবিস নির্দেশিকা ১০০-৩০ অনুযায়ী দুর্যোগের পূর্বে, দুর্যোগের সময়ে এবং দুর্যোগের পরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ)
চেয়ারম্যান

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ**

১। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী এর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৩। মূখ্যসচিব মহোদয়ের এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয়, ঢাকা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী (পওপ/প্রকল্প)/নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বাপবিবো, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পিএন্ডডি/ওএমডি), বাপবিবো, ঢাকা।
৩। পরিচালক, সিস্টেম অপারেশন/ পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (পূর্ব/পশ্চিম/কেন্দ্রীয়/উত্তর/দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পিএন্ডডি/ডিএন্ডও/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।